

যঈফ ও জাল হাদিস

হাদিস নম্বরঃ ৪৪৭

১/ বিবিধ

আরবী

يكون في آخر الزمان عباد جهال، وقراء فسقة
موضوع

أخرجه ابن حبان في " المجروحين " (3 / 135) والحاكم (4 / 315) وأبو نعيم (2 / 331 - 332) وعنه الديلمي (4 / 319) وأبو بكر الآجري في " أخلاق العلماء " (ص 62) من طريق يوسف بن عطية، عن ثابت، عن أنس مرفوعا، وقال أبو نعيم غريب لم نكتبه إلا من حديث يوسف بن عطية، وفي حديثه نكارة قلت: اتهمه ابن حبان بالوضع، وقد سكت عنه الحاكم، وتعقبه الذهبي بقوله قلت: يوسف هالك، وقال البخاري مشيرا إلى شدة ضعفه واتهامه منكر الحديث ومع ذلك ذكره السيوطي في الجامع

বাংলা

৪৪৭। শেষ যামানায় জাহেল আবেদ এবং ফাসেক কারীদের সমারোহ ঘটবে।

হাদীসটি জাল।

এটি ইবনু হিব্বান "আল-মাজরুহীন" গ্রন্থে (৩/১৩৫), হাকিম (৪/৩১৫), আবু নুয়াইম (২/৩৩১-৩৩২) এবং তার থেকে দাইলামী (৪/৩১৯) এবং আবু বাকর আজুরী "আখলাকুল ওলামা" গ্রন্থে (পৃ. ৬২) ইউসুফ ইবনু আতিয়া সূত্রে সাবেত হতে ... বর্ণনা করেছেন।

আবু নুয়াইম বলেনঃ এটি গারীব। এটিকে আমরা একমাত্র ইউসুফ ইবনু আতিয়া হতে লিখেছি। তার হাদীসের

মধ্যে মুনকার রয়েছে।

আমি (আলবানী) বলছিঃ ইবনু হিব্বান তাকে জাল করার দোষে দোষী করেছেন। হাকিম চুপ থেকেছেন। যার জন্য যাহাবী তার সমালোচনা করে বলেছেনঃ ইউসুফ হালেক (ধ্বংসপ্রাপ্ত)। বুখারী বলেছেনঃ তিনি মুনকারুল হাদীস। তা সত্ত্বেও সুয়ূতী “জামেউস সাগীর” গ্রন্থে হাদীসটি উল্লেখ করেছেন।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=68032>

📄 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন